

প্রিয় পরিবারবর্গ,

আমি এতদ্বারা আমাদের LGBTQ+ হিসেবে পরিচিত শিক্ষার্থীদের জন্য আমাদের সহায়তার বিষয়টি পুনরায় নিশ্চিত করতে চাই। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আমরা সকল শিক্ষার্থীর জন্য এমন একটি নিরাপদ ও সহায়ক পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ- যা বৈষম্য, হুমকি ও বুলি থেকে মুক্ত। সম্প্রতি আমি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আমাদের সপ্তম বার্ষিক 'জেভার অ্যান্ড সেক্সুয়ালিটি অ্যালায়েন্স' (লিঙ্গ ও যৌনতা সংক্রান্ত জোট)-এর শীর্ষ বৈঠকে অংশগ্রহণকারী 1,000-এর বেশি শিক্ষার্থী ও স্টাফদেরকে জানিয়েছি, আমরা তোমাদের স্বীকৃতি দেই, সহায়তা দেই ও মূল্যায়ন করি।

আমাদের নীতি বলবৎ থাকবে, এবং বাস্তবিকপক্ষে, আমরা সাম্প্রতিক সময়ে লিঙ্গ অন্তর্ভুক্তির রূপরেখা হালনাগাদ করা সহ আমরা আরও শক্তিশালী হয়েছি। আপনারা LGBTQ+ সহায়তাসমূহের পাশাপাশি আমাদের রূপরেখা পর্যালোচনা করতে পারেন schools.nyc.gov/LGBTQ এবং schools.nyc.gov/GenderGuidelines ওয়েবপেজ-এ।

আমি গর্বিত যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আমাদের LGBTQ+ হিসেবে পরিচিত শিক্ষার্থীদের সহায়তা এবং আমাদের স্কুলসমূহের অভ্যন্তরে প্রতিনিধিত্ব ও অন্তর্ভুক্তি বৃদ্ধির জন্য রয়েছে দৃঢ় পাঠ্যক্রম, তথ্য-উপকরণ, এবং প্রোগ্রাম। এসবের অন্তর্ভুক্ত আছে আমাদের 'GSA স্টুডেন্ট ক্লাব' এবং আমাদের 'হিডেন ভয়েসেস' ধারাবাহিক পাঠ্যক্রম, যা আমাদের শহর, দেশ ও বিশ্বে উল্লেখযোগ্য ভূমিকা পালনকারী LGBTQ+ ব্যক্তিদের পরিচিতি তুলে ধরে। তদুপরি, আমাদের স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকসমূহ, কমিউনিটি ভিত্তিক সংগঠন এবং আমাদের স্কুল কাউন্সেলর ও সোশ্যাল ওয়ার্কারদের মধ্যে অংশীদারিত্বের মাধ্যমে প্রতিটি শিক্ষার্থীর মানসিক স্বাস্থ্য সহায়তা লাভের সুযোগ রয়েছে। আরও জানার জন্য আমি আপনাকে আমাদের নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ ওয়েবসাইট (schools.nyc.gov) দেখার এবং কোনো প্রশ্ন থাকলে ইমেইলে LGBTQ@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করার অনুরোধ করছি।

চ্যান্সেলর হিসেবে আমার অন্যতম প্রতিশ্রুতি ছিল আমাদের শিক্ষার্থী ও স্কুল কমিউনিটির নিরাপত্তা ও কল্যাণ — বিশেষ করে প্রতিটি ছেলেমেয়ের শারীরিক ও মানসিক নিরাপত্তা নিশ্চিত করা। আমাদের স্কুলগুলোতে নিরাপদ ও অন্তর্ভুক্তিমূলক পরিবেশ বজায় রাখায় সহায়তার জন্য আমরা আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

অংশীদারিত্বে,



মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যান্সেলর